



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ
E-mail: seba@kb.gov.bd
Website: www.kb.gov.bd

AGM
২৪/১০/২০

পরিপত্র নং-০১/২০২০

তারিখ: ২৪ সেপ্টেম্বর/২০২০

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়: কর্মসংস্থান ব্যাংকের দাপ্তরিক ল্যান্ডফোন সংযোগবিহীন শাখার দাপ্তরিক টেলিফোন খরচ মোবাইল ফোনের বিল হিসেবে খরচের সংশোধনী আনয়ন।

কর্মসংস্থান ব্যাংকের পর্ষদ সচিবালয়ের ২৯.০৫.২০১৭ তারিখের পরিপত্র নং- পস-০২/২০১৭ এর সংযোজনী-৩ (ক) এর ক্রমিক নং-০৪ এর অর্ন্তভুক্ত 'দাপ্তরিক টেলিফোন খরচ'-এর অনুল্লেখ্য (১২) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। উক্ত (১২) অনুল্লেখ্য মোতাবেক উপজেলা পর্যায়ের শাখা ব্যবস্থাপকের জন্য শাখার ল্যান্ডফোন ও মোবাইল ফোনের ক্ষেত্রে (লাইনরেন্ট ও ভ্যাট ব্যতীত) দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা মাসিক সর্বোচ্চ ৮০০.০০ (আটশত মাত্র) টাকা। তবে মোবাইল বিল ৪০০.০০ (চারশত মাত্র) টাকার উর্ধ্বে নয়।

০৩। দেশের প্রত্যন্ত অঞ্চলের বেশ কিছু শাখায় দাপ্তরিক ল্যান্ডফোন সংযোগ না থাকায় সংশ্লিষ্ট শাখাসমূহকে সকল ক্ষেত্রে মোবাইল ফোনের মাধ্যমে নিয়ন্ত্রণকারী কার্যালয়, স্থানীয় জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি ও প্রশাসনের অন্যান্য কার্যালয় এবং ঋণগ্রহীতাদের সাথে যোগাযোগ করতে হয়। ল্যান্ডফোন সংযোগবিহীন শাখার উক্ত ৮০০.০০ (আটশত মাত্র) টাকা মোবাইল ফোনের বিল হিসেবে খরচ করার সুযোগ না থাকায় সংশ্লিষ্ট শাখাসমূহ দাপ্তরিক টেলিফোন খরচের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হচ্ছে। এমনকি কোনো কোনো ক্ষেত্রে নিরীক্ষা আপত্তি উত্থাপিত হচ্ছে।

০৪। দাপ্তরিক ল্যান্ডফোনবিহীন শাখার দাপ্তরিক টেলিফোন খরচ মোবাইল ফোনের বিল হিসাবে খরচের সংশোধনী আনয়নের বিষয়ে পরিচালনা বোর্ডের ২৬ আগস্ট, ২০২০ তারিখের ২৮৯ তম সভায় প্রস্তাব উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড কর্তৃক নিম্নরূপ প্রস্তাব অনুমোদিত হয়:

বিদ্যমান	সংশোধিত
উপজেলা শাখা ব্যবস্থাপকের দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা মাসিক সর্বোচ্চ ৮০০.০০ টাকা- ল্যান্ডফোন ও মোবাইল ফোন (লাইনরেন্ট ও ভ্যাট ব্যতীত)। তবে মোবাইল বিল ৪০০.০০ (চারশত মাত্র) টাকার উর্ধ্বে নয়।	উপজেলা শাখা ব্যবস্থাপকের দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা মাসিক সর্বোচ্চ ৮০০.০০ টাকা- ল্যান্ডফোন ও মোবাইল ফোন (লাইনরেন্ট ও ভ্যাট ব্যতীত)। তবে মোবাইল বিল ৪০০.০০ (চারশত মাত্র) টাকার উর্ধ্বে নয়। ল্যান্ডফোনবিহীন শাখার জন্য মোবাইল ফোনের ব্যয়সীমা মাসিক সর্বোচ্চ ৮০০.০০ টাকা।


০৫। এমতাবস্থায়, সংশোধিত নিয়মাবলী যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।


(মোঃ আনিসুজ্জামান)
উপমহাব্যবস্থাপক
ফোন: ০২-৪১০৫০৫৮১
তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০২০

সূত্র নং-৫৩.১৭.০০০০.১৭০.১০.০০১.১৯.২৭৭ (৩২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ):

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা) এবং মহাব্যবস্থাপক (পরিচালন ও হিসাব) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৫। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো;
- ৬। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৭। সকল বিভাগীয় উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
- ৮। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ৯। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
- ১০। অফিস নথি।


(মোঃ মাহবুব হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ০২-৪১০৫০৫৮৬